# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নূন্যতম সংখ্যার উপর সালাত বিনির্মানকারী ব্যক্তি যখন সালাতের ব্যাপারে সন্দিহান হবে, তখন তার জন্য জরুরী হলো অতিরিক্ত সেই রাকা'আতে রুকূ' ও সাজদা উত্তমরূপে সম্পাদন করা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْبَانِيَ عَلَى الْأَقَلِّ مِنْ صَلَاتِهِ إِذَا شَكَّ فِيهَا أَنْ يُحْسِنَ رُكُوعَ تِلْكَ الرَّكْعَةِ وَسُجُودَهَا

---

আরবী

2659 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنِي خَالِدُ بْنُ مَخْلَدٍ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ قَالَ: حَدَّثَنِي زَيْدُ بْنُ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا شَكَّ أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ كَمْ صَلَّى ثَلَاثًا أَوْ أَرْبَعًا فَلْيَقُمْ فَلْيُصَلِّ رَكْعَةً يُتِمُّ رُكُوعَهَا وَسُجُودَهَا ثُمَّ يَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ فَإِنْ كَانَ قَدْ صَلَّى خَمْسًا شَفَعَ بِالسَّجْدَتَيْنِ وَإِنْ كَانَ قَدْ صَلَّى أَرْبَعًا كَانَتِ السَّجْدَتَانِ ترغيما للشيطان)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2659 | خلاصة حكم المحدث: صحيح

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ خَبَرُ ابْنِ مَسْعُودٍ وَأَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ مِمَّا قَدْ يُوهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ التَّحَرِّيَ فِي الصَّلَاةِ وَالْبِنَاءَ عَلَى الْيَقِينِ وَاحِدٌ وَحُكْمَاهُمَا مُخْتَلِفَانِ لِأَنَّ فِي خَبَرِ ابْنِ مَسْعُودٍ فِي ذِكْرِ التَّحَرِّي أَمَرَ بِسَجْدَتَيِ السَّهْوِ بَعْدَ السَّلَامِ وَفِي خَبَرِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ فِي الْبِنَاءِ عَلَى الْيَقِينِ أَمَرَ بِسَجْدَتَيِ السَّهْوِ قَبْلَ السَّلَامِ.

وَالْفَصْلُ بَيْنَ التَّحَرِّي وَالْبِنَاءِ عَلَى الْيَقِينِ: أَنَّ الْبِنَاءَ عَلَى الْيَقِينِ: هُوَ أَنْ يَشُكَّ الْمَرْءُ فِي صَلَاتِهِ فَلَا يَدْرِي ثَلَاثًا صَلَّى أَمْ أَرْبَعًا فَإِذَا كَانَ كَذَلِكَ فَلْيَبْنِ عَلَى مَا اسْتَيْقَنَ وَهُوَ الثَّلَاثُ وَيُتِمَّ صَلَاتَهُ وَيَسْجُدْ سَجْدَتَيِ السَّهْوِ قَبْلَ السَّلَامِ.

وَأَمَّا التَّحَرِّي فَهُوَ أَنْ يَدْخُلَ الْمَرْءُ فِي صَلَاتِهِ ثُمَّ اشْتَغَلَ بِقَلْبِهِ بِبَعْضِ أسباب الدين أو الدنيا حتى يَدْرِي أَيَّ شَيْءٍ صَلَّى أَصْلًا فَإِذَا كَانَ ذَلِكَ تَحَرَّى عَلَى الْأَغْلَبِ عِنْدَهُ وَيَبْنِي عَلَى مَا صَحَّ لَهُ مِنَ التَّحَرِّي مِنْ صَلَاتِهِ وَيُتِمُّهَا وَيَسْجُدُ سَجْدَتَيِ السَّهْوِ بَعْدَ السَّلَامِ حَتَّى يَكُونَ مُسْتَعْمِلًا لِلْخَبَرَيْنِ مَعًا.

বাংলা

২৬৫৯. আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ (সালাতে) সন্দেহ করে, অতঃপর সে জানতে পারে না যে, সে তিন রাকা‘আত নাকি চার রাকা‘আত সালাত আদায় করেছে, তবে সে যেন উঠে আরেক রাকা‘আত সালাত আদায় করে, যাতে সে রুকূ‘ ও সাজদা পরিপূর্ণভাবে করবে তারপর বসা অবস্থায় দুটি সাহু সাজদা করে। যদি আদতে সেটি পাঁচ রাকা‘আত পড়ে থাকে, তবে সে দুই সাজদার মাধ্যমে সালাতকে জোড় সংখ্যায় পরিণত করবে আর যদি সে চার রাকা‘আত সালাত পড়ে থাকে, তবে সাজদা দুটি শয়তানের জন্য ‘অবমাননাকারী’ হিসেবে পরিগণিত হবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন মাস‘ঊদ ও আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুমার হাদীসের ব্যাপারে কোন কোন আলিম এই সংশয়ে নিপতিত হয় যে, সালাতে সঠিকতা অনুসন্ধান করা আর নিশ্চিতের উপর সালাত বিনির্মান করা একই, কিন্তু তাদের হুকুম আলাদা। কেননা আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসে সঠিকতা অনুসন্ধানের আলোচনায় সালাম ফেরানোর পর দুটি সাহু সাজদা করার নির্দেশ দিয়েছেন। আর আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসে নিশ্চিতের উপর উপর ভিত্তি করে সালাম পূর্ণ করার ক্ষেত্রে  সালাম ফেরানোর আগে দুটি সাহু সাজদা করার নির্দেশ দিয়েছেন।

সঠিকতা অনুসন্ধান ও নিশ্চিতের উপর সালাম বিনির্মান করা মাঝে পার্থক্য হলো নিশ্চিতের উপর সালাম বিনির্মান করার ক্ষেত্রে মুসল্লী ব্যক্তি সন্দিহান হয় ফলে সে জানে না যে, তিন রাকা‘আত সালাত আদায় করেছে নাকি চার রাকা‘আত। যখন এরকম হবে, তখন নিশ্চিতের উপর সালাত বিনির্মান করবে। আর নিশ্চিত রাকা‘আত হলো তিন রাকা‘আত। অতঃপর সালাত পূর্ণ করে সালাম ফেরানোর আগে দুটি সাহু সাজদা করবে।

আর সঠিকতা অনুসন্ধান হলো কোন ব্যক্তি সালাতে প্রবেশ করবে, তারপর সে দ্বীন বা দুনিয়ার কোন বিষয়ে মনোনিবেশ করে, ফলে সে আদৌ জানতে পারে না সে কী সালাত আদায় করেছে। যখন এমন হবে, তখন সে প্রবল ধারণার উপর ভিত্তি করে সালাত বিনির্মান করবে অতঃপর সালাত পূর্ণ করে সালাম ফেরানোর পর দুটি সাহু সাজদা করবে। এভাবে দুই হাদীসের উপরই আমল করবে।”

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৯৫; আবূ দাঊদ: ১০২৬; তাহাবী: ১/৪৩৩; সুনান বাইহাকী: ২/৩৩১; বাগাবী: ৭৫৪; মুসনাদ আহমাদ: ৩/৭২; দারেমী: ১/৩৫১; সহীহ মুসলিম: ৫৭১; নাসাঈ: ৩/২৭; আবূ আওয়ানা: ২/১৯৩; ইবনুল জারূদ: ২৪১; দারাকুতনী: ১/৩৭৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91989

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন